

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-১৩.০৪৪.৯৯.০০৩.০০০০.০৩.৫৮ - ২০৫২২/৮

তারিখ: ০৬/০৬/২৪০২২:
২৬/০৭/২০২৪

বিষয় : আসন্ন শারদীয়া দুর্গাপূজা-২০২৪ উদযাপন উপলক্ষে অগ্নিনিরাপত্তা বিষয়ক নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র : (ক) স্মারক নং ৫৮.০৩.০০০০.০০৩.৯৯.০৪৪.১৩. ১০২৪৫, তারিখ: ১১/০৯/২০২৪ খ্রিঃ।

(খ) স্মারক নং ৫৮.০৩.০০০০.০০৩.৯৯.০৪৪.১৩. ১০২৪৬, তারিখ: ১১/০৯/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় এ বছরেও শারদীয়া দুর্গাপূজা মাসিক আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে ০৮ অক্টোবর হতে ১৩ অক্টোবর, ২০২৪ খ্রিঃ পর্যন্ত উদযাপিত হতে যাচ্ছে। এত দুপলক্ষে সমগ্রদেশের পূজামন্ডপগুলোর শান্তি শৃঙ্খলা এবং নিরাপত্তা বজায় রাখার জন্য সরকারি নির্দেশনা রয়েছে। তাই দেশের সকল পূজামন্ডপ/কমিটির সদস্যদের সাথে যোগাযোগ রক্ষা করে সরেজমিনে পরিদর্শন ও পূজা কমিটির সম্মানিত কর্মকর্তা ও স্থানীয় প্রশাসন এর সাথে সমন্বয়ের মাধ্যমে যে কোন অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা, অগ্নিকান্ডসহ আপদকালীন পরিস্থিতিতে তাৎক্ষণিক সেবা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাগুলো পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

দুর্গাপূজা সময় কালীন নির্দেশনাসমূহ:

১. পূজামন্ডপ কমিটিসহ দায়িত্বরতদের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর স্থানীয় পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে অগ্নি প্রতিরোধ ও অগ্নিনির্বাপন বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান।
২. ঢাকাসহ সারাদেশে দৃশ্যমান ও পাবলিক প্লেসে হট নাম্বার ১০২ স্টিকার লাগাতে হবে।
৩. ০৮ অক্টোবর হতে ১৩ অক্টোবর, ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত দুর্গাপূজা উপলক্ষে পূজামন্ডপে অগ্নিনির্বাপন ইউনিট নিয়োজিত থাকবে।
৪. স্থানীয় প্রশাসনের চাহিদা মোতাবেক গুরুত্বপূর্ণ পূজামন্ডপে গাড়ি/পাম্প/ফায়ার এক্সটিংগুইসারসহ অগ্নিনির্বাপন ইউনিট ও এ্যাম্বুলেন্স গাড়ি নিয়োজিত রাখতে হবে এবং ভলান্টিয়ারদের সহযোগিতায় পূজামন্ডপ কমিটির উদ্যোগে অগ্নিনির্বাপক যন্ত্রসহ ফায়ার ফাইটিং টিম গঠন করা।
৫. পূজামন্ডপে অগ্নি প্রতিরোধক বৈদ্যুতিক তার ও অন্যান্য ফিটিংস বিদ্যুতের লোড অনুযায়ী ব্যবহারসহ উচ্চ দাহ্যবস্তুর ব্যবহার হতে বিরত থাকার জন্য পূজা উদযাপন কমিটিকে পরামর্শ প্রদান।
৬. স্থানীয় প্রশাসনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা এবং সংশ্লিষ্টগণের টেলিফোন/সেল নম্বর সংগ্রহে রাখা।
৭. যে কোন আপদকালীন পরিস্থিতি মোকাবিলার জন্য বিভাগীয় শহর/জেলা/উপজেলা/ফায়ার স্টেশনে একটি Quick Response Team প্রস্তুত রাখা।
৮. পূজামন্ডপ কমিটি ও স্থানীয় ভলান্টিয়ারদের সাথে ফায়ার স্টেশন কর্তৃপক্ষ সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবে এবং তাদের টেলিফোন নম্বর সংগ্রহে রাখা।
৯. প্রতিটি পূজামন্ডপে প্রয়োজনীয় সংখ্যক ০৫ কেজি ওজনের এবিসি ড্রাই কেমিক্যাল পাউডার ফায়ার এক্সটিংগুইসার রাখার জন্য স্থানীয় পূজা কমিটিকে পত্র দ্বারা অনুরোধ করা ও বিষয়টি স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত দুর্গাপূজার সভায় উপস্থাপন করা।
১০. অধিদপ্তরসহ জেলা/বিভাগীয় সদরে নিয়ন্ত্রণ কক্ষ খুলে সংশ্লিষ্টদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে।

বিজয়া দশমীতে নির্দেশনাসমূহ:

১. ঢাকার বুড়িগঙ্গা ও তুরাগ নদীর তীরে এবং চট্টগ্রামের পতেঙ্গা সী-বীচসহ অন্যান্য এলাকায় ডুবুরি ইউনিট/ওয়াটার রেসকিউয়ার নিয়োজিত রাখতে হবে।
২. বিসর্জন অনুষ্ঠানে শৃঙ্খলা রক্ষার্থে স্থানীয় ভলান্টিয়ার নিয়োজিত রাখতে হবে।
৩. বিসর্জন স্থানে রোড রেসকিউ ইকুইপমেন্ট, এ্যাম্বুলেন্স গাড়ি ইত্যাদি নিয়োজিতকরণ ও রাত্রিকালীন সময়ে প্রয়োজনীয় ক্ষেত্রে লাইটিং ইউনিট নিয়োজিত রাখতে হবে।
৪. স্থানীয় প্রশাসনের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় অগ্নি নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. বিসর্জনের বিষয়ে স্থানীয় পুলিশ/নৌ-পুলিশ এবং পূজামন্ডপ কমিটির সাথে সমন্বয় রক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

উপরোক্ত বিষয়টি তাঁর আওতাধীন সকল দপ্তর/ফায়ার স্টেশনে পত্র জারি করতে হবে।

উল্লেখ্য যে, যোগসূত্র স্মারক “ক” ও “খ” দ্বারা জারিকৃত পত্র এতদ্বারা বাতিল করা হলো।


২৬/০৭/২০২৪

লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী
এসজিপি, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

উপ-পরিচালক

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৩। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(প্রঃ উঃ পঃ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.....(সংশ্লিষ্ট সকল) [তীর আওতাধীন জেলার পূজামন্ডপ সমূহে আপদকালীন পরিস্থিতি মোকাবেলায় (Contingency plan) আগামী ০৩-১০-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণ করতে হবে]।
- ৫। উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.....(সংশ্লিষ্ট সকল)।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয়/বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ (তাকে বার্তাটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করে ডিউটিরত কর্মকর্তা/কর্মচারীদের ডিউটি তদারকি করে তা সময় সময় অধিদপ্তরের কর্তৃপক্ষকে অবহিত করতে অনুরোধ করা হলো)।